

# ব্যবসায়িক অংশীদারীর নির্ণায়ক

সমগ্র ভ্যালু চেইন জুড়ে যাতে দায়িত্বশীল ব্যবসায়িক আচরণ সমর্থন করা এবং বজায় রাখা যায় তার জন্য এই ডকুমেন্টটি নৈতিক প্রয়োজনীয়তাগুলির সারসংক্ষেপ প্রদান করে যেগুলি সকল ব্যবসায়িক অংশীদারদের জন্য মেনে চলা আবশ্যক।

Atlas Copco Group

# উদ্দেশ্য

সুইডেনের স্টকহোমে অবস্থিত একটি বৈশ্বিক, শিল্প-ভিত্তিক কোম্পানি হিসাবে Atlas Copco Group-এর 180 টিরও বেশি দেশে 50,000 এরও বেশি কর্মচারী এবং গ্রাহক রয়েছে। এই Group-এর দৃষ্টিভঙ্গি হলো গ্রাহক, সাপ্লায়ার, অন্যান্য ব্যবসায়িক অংশীদার এবং স্টেকহোল্ডারদের মনে এবং পছন্দে অগ্রগণ্য থাকা। Atlas Copco Group তাদের প্রাথমিক মূল্যবোধগুলি মেনে চলার সাথে সাথে আমাদের ব্যবসায়িক অনুশীলনগুলির প্রতি নৈতিক থেকে এবং যেসব ব্যবসায়িক অংশীদাররা এই একই ধরনের মূল্যবোধ এবং স্ট্যান্ডার্ড মেনে চলে তাদের সাথে কাজ করে এই লক্ষ্যতে পৌঁছাতে চায়।

ব্যবসায়িক অংশীদারীর নির্ণায়ক ডকুমেন্টটি Atlas Copco Group-এর ব্যবসায়িক অংশীদারদের থেকে প্রাথমিকভাবে কী কী প্রত্যাশা করা হয় তার এক সারসংক্ষেপ প্রদান করার মাধ্যমে আমাদের আচরণবিধির বাস্তবায়নকে সমর্থন করে। এই ডকুমেন্টটিতে সাক্ষর করা বা একটি তুলনামূলকভাবে সমজাতীয় আচরণবিধি অনুসরণ করার বিষয়টি প্রদর্শন করার মাধ্যমে গুরুত্বপূর্ণ ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই Atlas Copco Group-এর আচরণবিধি মেনে চলতে হবে।

Atlas Copco Group-এর আচরণবিধির শর্তাবলী:

- Atlas Copco Group-এ আমাদের সমগ্র ব্যবসায়িক যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে আমরা নৈতিকতার উচ্চতর স্ট্যান্ডার্ড বজায় রাখতে অঙ্গীকারবদ্ধ অর্থ্যাৎ আমাদের ব্যবসায়িক অংশীদারদের থেকেও এই একই মাত্রার নৈতিকতার প্রত্যাশা করা হয়।
- সকল ব্যবসায়িক অংশীদারদের থেকেও প্রত্যাশা করা হয় যে তারা আমাদের আচরণবিধি অনুসরণ করে চলবে। আমরা আমাদের ব্যবসায়িক অংশীদারদের স্ক্রিনিং এবং অডিট করি যাতে এটা সুনিশ্চিত করা যায় যে তারাও গুণমান, ব্যবসায়িক নৈতিকতা, মানবিক অধিকার, পরিবেশ এবং সম্পদের যথাযথ ব্যবহারের ক্ষেত্রে আমাদের মত একই একই মান বাজায় রাখে। অগ্রিম লিখিত অনুরোধের ভিত্তি Atlas Copco Group-এর যেকোনো অডিটে ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই সহযোগিতা করতে হবে।
- আমরা আমাদের ব্যবসায়িক অংশীদারদের আমাদের আচরণবিধি সংক্রান্ত কোনও লঙ্ঘনের বিষয়ে জানলে সে বিষয়ে রিপোর্ট করতে উৎসাহিত করি।

**ব্যবসায়িক অংশীদারীর নির্ণায়ক আমাদের আচরণবিধির উপ ভিত্তি করে বানানো হয়েছে, যা Atlas Copco Group দ্বারা সমর্থিত প্রধান আন্তর্জাতিক নৈতিক ফ্রেমওয়ার্কের উপর ভিত্তি করে বানানো:**




Atlas Copco Group-এর আচরণবিধি এবং ব্যবসায়িক অংশীদারের নির্ণায়কে উল্লিখিত অন্যান্য ডকুমেন্ট এছাড়াও অসদাচরণের বিরুদ্ধে রিপোর্ট করার আমাদের সিস্টেম SpeakUp আমাদের বাহ্যিক ওয়েবসাইটে পাওয়া যাবে: www.atlascopcogroup.com

# ব্যবসায়িক অংশীদারদের প্রয়োজনীয়তাসমূহ

ব্যবসায়িক অংশীদার যেমন সরবরাহকারী, সাবকন্ট্রাক্টর, যৌথ উদ্যোগের অংশীদার, এজেন্ট, রিসেলার বা বিতরণকারীদের অবশ্যই আমাদের আচরণবিধি অনুযায়ী গ্রুপের প্রতিশ্রুতি এবং প্রত্যাশাগুলি বজায় রাখতে সম্মত হতে হবে। যদি ব্যবসায়িক অংশীদাররা Atlas Copco Group-এর পণ্য বা পরিষেবাগুলির উৎপাদনের জন্য সাবকন্ট্রাক্টর ব্যবহার করে, তাহলে তাদের সাবকন্ট্রাক্টরদের মূল্যায়ন এবং নির্বাচন করার জন্য একই নীতিগুলি ব্যবহার করা সেই ব্যবসায়িক অংশীদারের দায়িত্ব। অনুরোধ করা হলে, ব্যবসায়িক অংশীদাররা কোন সাবকন্ট্রাক্টরদের ব্যবহার করে তার তথ্য প্রদান করতে হবে।

ব্যবসায়িক অংশীদারদের যেসব দেশে তাদের ব্যবসায়িক কার্যকলাপ পরিচালনা করা হয়, তাদের সকল কার্যকলাপে, ব্যবসা পরিচালনা এবং নিয়োগ সংক্রান্ত সকল আইন এবং নিয়মাবলী অবশ্যই মেনে চলতে হবে। Atlas Copco Group-এর প্রয়োজনীয়তাগুলি স্থানীয় আইনে নির্ধারিত প্রয়োজনীয়তাগুলিও ছাড়িয়ে যেতে পারে, এই সকল ক্ষেত্রে ব্যবসায়িক অংশীদারকে অবশ্যই Atlas Copco Group নির্ধারিত অতিরিক্ত প্রয়োজনীয়তাগুলি মেনে চলতে হবে। Atlas Copco Group নির্ধারিত প্রয়োজনীয়তা এবং প্রযোজ্য আইন ও প্রবিধানের মধ্যে কোনও দ্বন্দ্বের ক্ষেত্রে, এই ডকুমেন্টে স্বাক্ষর করার আগে ব্যবসায়িক অংশীদারকে অবশ্যই Atlas Copco Group-কে এই দ্বন্দ্ব সম্পর্কে জানাতে হবে।

Atlas Copco Group প্রত্যাশা করে যে ব্যবসায়িক অংশীদারদের আমাদের আচরণবিধির লঙ্ঘন সংক্রান্ত সন্দেহজনক লঙ্ঘনের বিষয়েও রিপোর্ট করবে। আমাদের কাছে একটি বাহ্যিক রিপোর্টিং সিস্টেম আছে, যার নাম SpeakUp, যা সকল স্টেকহোল্ডারদের জন্য উপলব্ধ এবং সম্পূর্ণ মাত্রায় গোপনীয়তা সুনিশ্চিত করে। রিপোর্ট প্রায় সমস্ত ভাষায় তৈরি করা যাবে। আমাদের ওয়েবসাইটে SpeakUp-এর বিষয়ে আরও জানুন।

## 1. পরিবেশগত দায়বদ্ধতা এবং জলবায়ুর সুরক্ষা সংক্রান্ত পদক্ষেপ নেওয়া

ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই একটি অনুমোদিত পরিবেশ পরিচালনার ব্যবস্থা (এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেম) থাকতে হবে বা অন্যথায় তাদের পরিবেশগত কর্মক্ষমতা এবং তাদের পরিবেশগত প্রভাবের ক্রমাগত উন্নতির প্রতি তাদের অঙ্গীকার প্রদর্শন করতে হবে। উৎপাদন, ডিজিটালাইজেশন, প্রোডাক্ট ব্যবহার, পরিবহন বা বর্জ্য নিষ্পত্তি সংক্রান্ত পরিবেশগত প্রভাব কমিয়ে আনার চেষ্টা করাও অন্তর্ভুক্ত। সমস্ত ব্যবসায়িক অংশীদারদের জলবায়ু পরিবর্তনের মোকাবিলা করার জন্য উচ্চাকাঙ্ক্ষা এবং সেই উদ্দেশ্যে নেওয়া পদক্ষেপ প্রদর্শন করতে হবে এবং কম কার্বন নির্গমন হয় এমন এক সমাজ গড়ে তুলে সাহায্য করে এমন প্রযুক্তির বিকাশ এবং প্রচারে সহায়তা করার জন্য অবশ্যই প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে।

## 2. Atlas Copco Group-এর নিষিদ্ধ এবং ঘোষণাযোগ্য তালিকা মেনে চলা

ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই Atlas Copco Group-এর নিষিদ্ধ এবং ঘোষণাযোগ্য তালিকা[1]মেনে চলতে হবে, তালিকার আপডেটগুলি অনুসরণ করতে হবে এবং যদি কোনও অন্তর্ভুক্ত উপাদানের জন্য এই অনুবর্তিতায় কোনও সমস্যা সৃষ্টি হয় সেই বিষয়ে Atlas Copco Group-কে জানাতে হবে।

Atlas Copco Group-এর নিষিদ্ধের তালিকা এমন উপাদানগুলিকে সনাক্ত করে যেগুলি Atlas Copco Group-এ সরবরাহ করা কোনও দ্রব্যতে বা উৎপাদনের প্রক্রিয়ায় থাকবে না।

Atlas Copco Group-এর ঘোষণাযোগ্য উপাদানের তালিকা এমন পদার্থ সম্পর্কে তথ্য সরবরাহ করে যা সীমিত ব্যবহার হওয়া উচিত। এই তালিকায় অন্তর্ভুক্ত কোনও পদার্থ ব্যবহার করা হলে ব্যবসায়িক অংশীদারদের এই বিষয়ে Atlas Copco Group-কে জানাতে হবে। এই ঘোষণাযোগ্যের তালিকায় বিবাদ জনিত খনিজও[2] অন্তর্ভুক্ত থাকে। যদি Atlas Copco Group অনুরোধ করে তাহলে, যেসব ব্যবসায়িক অংশীদার এমন যন্ত্রাংশ, প্রোডাক্ট বা কাঁচা মাল সরবরাহ করে যাতে এক বা একাধিক বিবাদ-সংক্রান্ত উপাদান থাকে যেগুলি বিবাদে থাকা বা উচ্চ-ঝুঁকিতে থাকা দেশ[3] থেকে আনা হয়েছে, সেক্ষেত্রে তাদের অবশ্যই OECD ডিউ ডিলিজেন্স নির্দেশিকা[4] অনুযায়ী স্বেচ্ছায় সহযোগিতা করতে প্রস্তুত থাকতে হবে।

[1] আমাদের নিষিদ্ধ এবং ঘোষণাযোগ্য উপাদানের তালিকা আমাদের ওয়েবসাইটে পাবলিশ করা আছে: www.atlascopcogroup.com

[2] কলম্বাইট-ট্যান্টালাইট (কোল্টান), ক্যাসিটারাইট, সোনা, উলফ্রামাইট বা তাদের ডেরিভেটিভস টিন, টাংস্টেন এবং ট্যানটালাম,খনিজ এবং ধাতু দুটি হিসাবেই, বা অন্য কোন খনিজ যাকে ইউরোপীয় ইউনিয়ন বা মার্কিন যুক্তরাষ্ট্র দ্বারা বিবাদ-মূলক খনিজ হিসাবে চিহ্নিত করেছেন।

[3] সংঘাত প্রভাবিত এলাকা এবং উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকা যেখানে সশস্ত্র সংঘাত চলছে বা চরম অরাজকতার কারণে প্রশাসন সম্পূর্ণরূপে ভেঙ্গে পরেছে বা একেবারেই নেই, নিরাপত্তার কোনও চিহ্ন নেই এবং আন্তর্জাতিক আইনের ব্যাপক ও পদ্ধতিগত লঙ্ঘন, মানবাধিকার লঙ্ঘন হয়ে চলেছে।

[4] সংঘাত-প্রভাবিত এবং উচ্চ-ঝুঁকিপূর্ণ এলাকা থেকে খনিজ পদার্থের দায়িত্বশীল সরবরাহের চেইনগুলির জন্য OECD ডিউ ডিলিজেন্সের নির্দেশিকা



## 3. মানবাধিকারের সমর্থন এবং সম্মান

ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই মানবাধিকার সুরক্ষার সমর্থন ও সম্মান করতে হবে। তাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে তারা কোনও প্রকার মানবাধিকার লঙ্ঘনের সাথে জড়িত নয় এবং Atlas Copco Group দ্বারা সমর্থিত প্রধান আন্তর্জাতিক নৈতিক কাঠামো মেনে চলছে।



## 4. কোনও আধুনিক দাসত্ব বা জোরপূর্বক শ্রম নেই

জোরপূর্বক এবং অনিচ্ছাকৃত শ্রম সহ সকল প্রকার আধুনিক দাসত্ব Atlas Copco Group-এর কাছে একেবারে গ্রহণযোগ্য নয়। এতে অন্তর্ভুক্ত, উদাহরণস্বরূপ, ঋণের বিনিময়ে দাসত্ব বা জরিমানার হুমকী, ধার বা কোনও ঋণের কারণে বলপূর্বক কাজ করানো। Atlas Copco Group ব্যবসায়িক অংশীদারদেরকে তাদের কর্মসংস্থানের সময় কর্মচারীদের অর্থ বা আসল ডকুমেন্ট যেমন পাসপোর্ট, শিক্ষার সার্টিফিকেট এবং এই ধরণের সকল ডকুমেন্ট জমা নেওয়া নিষিদ্ধ করে।



## 5. শিশু শ্রম নিষিদ্ধ

Atlas Copco Group শিশু শ্রমের ব্যবহার নিষিদ্ধ করে। ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই প্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে হবে যাতে তারা চাকরির বৈধ বয়সের কম বয়স্ক কাউকে নিয়োগ করবে না। অর্থ্যাৎ, বাধ্যতামূলক শিক্ষা সম্পূর্ণ করার যোগ্য বয়সের চেয়ে কম বয়সী বা ১৫ বছরের কম বয়সী কোনো ব্যক্তিকে নিয়োগ করা যাবে না। যেখানে স্থানীয় আইন কোনও উচ্চ বয়সসীমা নির্ধারণ করে, তাহলে সেটি অনুসরণ করা হবে। অনুমোদিত অপ্রাপ্তবয়স্কদের জন্য, ন্যূনতম হিসাবে প্রাসঙ্গিক আইনি প্রয়োজনীয়তা মেনে তার বয়সের জন্য উপযুক্ত কাজের শর্ত, কাজের সময় এবং যথাযোগ্য মজুরি প্রদানের জন্য ম্যানেজমেন্টকে দায়িত্ব নিতে হবে। বিপজ্জনক কাজের জন্য যোগ্যতার সর্বনিম্ন বয়স হল ১৮ বছর।



## 6. বৈষম্য দূর করা

ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই সমান সুযোগ, ন্যায্যতা এবং বৈচিত্র্যকে সমর্থন করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে বয়স, অক্ষমতা, জাতিসত্তা, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, জাতীয়তা, রাজনৈতিক মতামত, ধর্ম বা যৌন অভিযোজন নির্বিশেষে যে কোনও কর্মসংস্থানের সিদ্ধান্তে সমস্ত কর্মচারীদের তাদের ক্ষমতা এবং যোগ্যতা অনুযায়ী আচরণ করতে হবে।



## 7. একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ নিশ্চিত করা

ব্যবসায়িক অংশীদারদের কর্মচারীদের নিরাপত্তাকে সবসময় অগ্রাধিকার দিতে হবে। কাজের ক্ষেত্র এবং কারখানার অবস্থা এমন হতে হবে যাতে শ্রমিকরা আগুন প্রতিরোধ সহ নিরাপদ এবং স্বাস্থ্যকর পরিবেশে তাদের কার্য সম্পাদন করতে পারে। ঝুঁকি কমানোর জন্য, কর্মচারীদের স্বাস্থ্য ও নিরাপত্তা, প্রশিক্ষণ এবং স্পষ্ট কাজের ভূমিকার বিবরণ রক্ষা করার জন্য উপযুক্ত নীতি থাকতে হবে। কর্মীদের জন্য সুবিধাগুলি অবশ্যই স্বতন্ত্র ব্যক্তিদের মর্যাদা রক্ষা করতে এবং ব্যক্তিগত স্বাস্থ্যবিধির চাহিদা পূরণ করতে হবে। ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই তাদের কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং কর্মক্ষেত্রের অবস্থার কারণে দুর্ঘটনা এবং অসুস্থতা প্রতিরোধ করতে যথাযথ ব্যবস্থা নিতে হবে। এতে অন্তর্ভুক্ত প্রাথমিক চিকিৎসা এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের, সেইসাথে সঠিক এবং (যেখানে প্রযোজ্য) সার্টিফাই করা সরঞ্জাম উপলব্ধ রাখা।



## 8. ন্যায্য মজুরি এবং উপযুক্ত কাজের সময়

সমস্ত কর্মক্ষমতা একটি ন্যায্য উপায়ে পুরস্কৃত করতে হবে। ন্যূনতম হিসাবে, ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই প্রাসঙ্গিক আইনগত প্রয়োজনীয়তা এবং কাজের সময়, ওভারটাইম, বিরতি, ছুটি, মজুরি এবং সুবিধার বিষয়ে প্রযোজ্য যৌথ দর কষাকষি চুক্তি মেনে চলতে হবে।

## 9. সমিতি গঠনের স্বাধীনতা এবং যৌথ দর কষাকষির অধিকার

ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের কর্মীরা কর্মক্ষেত্র এবং ক্ষতিপূরণ সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য ম্যানেজমেন্টের সাথে নির্দ্বিধায় যোগাযোগ করতে পারবেন। সম্মিলিত দর কষাকষির উদ্দেশ্যে ট্রেড ইউনিয়ন দ্বারা প্রতিনিধিত্ব করা হবে কিনা তা বেছে নেওয়ার অধিকার কর্মচারীদের রয়েছে। এই ধরনের অধিকার প্রয়োগকারী কোনো কর্মচারীর প্রতি বৈষম্য Atlas Copco Group সহ্য করে না।

## 10. মেধা সম্পত্তি

ব্যবসায়িক অংশীদাররা বোঝেন যে পেটেন্ট, ট্রেডমার্ক, কপিরাইট, ডিজাইন, ডোমেইন নাম, কিভাবে জানবেন এবং ট্রেড সিক্রেটের মতো মেধা সম্পত্তির অধিকারগুলি গুরুত্বপূর্ণ ব্যবসায়িক সম্পদ এবং Atlas Copco Group-এর মেধা সম্পত্তি অধিকার রক্ষা করতে এবং তৃতীয় পক্ষের মেধা সম্পত্তি সম্পর্কিত কোনো তথ্য প্রকাশ না করতে সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ।

## 11. দুনীতি-মুক্ত

ব্যবসায়িক অংশীদাররা উদ্দেশ্যমূলক, ন্যায্য এবং নৈতিক ব্যবসার প্রচার করবে এবং সব ধরনের দুর্নীতির বিরুদ্ধে কাজ করবে। ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই স্থানীয় আইন এবং আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী কনভেনশনগুলি মেনে চলতে হবে এবং Atlas Copco Group-এর কর্মচারীদের বা সরকারি কর্মকর্তাদের মতো কোনো তৃতীয় পক্ষকে অনুপযুক্তভাবে প্রভাবিত করার জন্য কিছু প্রদান করা অবশ্যই নিয়ম বহির্ভূত।

ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই সম্ভাব্য স্বার্থের দ্বন্দ্ব এড়িয়ে চলতে হবে এবং সর্বদা ব্যবসায়িক অংশীদার এবং Atlas Copco Group মধ্যে সম্পর্কের মধ্যে উদ্ভূত কোনও সম্ভাব্য স্বার্থের দ্বন্দ্ব সম্পর্কে Atlas Copco Group-কে অবহিত করবে।

## 12. প্রতিযোগিতা-বিরোধী আচরণের অনুমতি নেই

ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই ন্যায্য প্রতিযোগিতার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে এবং প্রতিযোগিতা প্রতিরোধ বা সীমাবদ্ধ করার উদ্দেশ্যে প্রতিযোগীদের সাথে দাম, বিড, বাজার ভাগাভাগি বা প্রতিযোগিতা প্রতিরোধ বা সীমাবদ্ধতার জন্য কোন অনুরূপ ক্রিয়াকলাপ সম্পর্কিত কোন আলোচনা, আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক চুক্তিতে প্রবেশ করতে সম্মত হবে না।

## 13. বাণিজ্য সম্মতি বাধ্যবাধকতা মেনে চলা

ব্যবসায়িক অংশীদারদের অবশ্যই পারমাণবিক অস্ত্রের অপ্রসারণ, ক্ষেপণাস্ত্র প্রযুক্তি, রাসায়নিক ও জৈবিক অস্ত্র, তাছাড়াও সমস্ত প্রযোজ্য আন্তর্জাতিক বাণিজ্য, রপ্তানি নিয়ন্ত্রণ এবং অর্থনৈতিক নিষেধাজ্ঞার প্রবিধান এবং শাসনের অপ্রসারণ সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি এবং নিয়মাবলী অনুসরণ করতে অঙ্গীকারবদ্ধ হতে হবে।

রপ্তানি বা আমদানি করা প্রোডাক্ট এবং পরিষেবাগুলি সর্বদা যথাযথভাবে নথিভুক্ত করতে হবে যাতে কাস্টমের প্রয়োজনীয়তা যথাযথ পূরণ করা হয় এবং শুল্ক প্রদান করা হয়েছে কিনা তা নিশ্চিত করা যায়, তাছাড়াও সব অনুমতি নেওয়া এবং ডিউটির মূল্য প্রদান করাও সুনিশ্চিত করা আবশ্যক।

## 14. ডেটা সুরক্ষা এবং গোপনীয়তা

ব্যবসায়িক অংশীদারদের ব্যক্তিগত ডেটা রক্ষা করতে এবং গোপনীয়তার অধিকারকে সম্মান করতে হবে। অর্থ্যাৎ কর্মী এবং গ্রাহকদের ব্যক্তিগত ডেটা দায়িত্বের সাথে এবং আইনত প্রক্রিয়ায় সংগ্রহ, ব্যবহার এবং প্রক্রিয়া করা উচিত।

ব্যবসায়িক অংশীদাররা ব্যক্তিগত ডেটার অননুমোদিত ব্যবহার বা প্রকাশের বিরুদ্ধে সেগুলিকে রক্ষা করার জন্য উপযুক্ত সুরক্ষা ব্যবস্থা করবে।

# অনুবর্তিতার বিবৃতি

Atlas Copco Group প্রত্যাশা করে যে আমাদের সকল ব্যবসায়িক অংশীদাররা আমাদের আচরণবিধিতে উল্লিখিত সামাজিক এবং ব্যবসায়িক নৈতিকতা, পরিবেশগত স্ট্যান্ডার্ড এবং প্রতিশ্রুতিগুলি মেনে চলবেন।

আমরা নিয়মিত আমাদের ব্যবসায়িক সম্পর্কগুলি রিভিউ করি এবং যেসকল ব্যবসায়িক অংশীদাররা আমাদের স্ট্যান্ডার্ড এবং মানদণ্ডগুলির সাথে তাদের স্ট্যান্ডার্ড এবং মানদণ্ডগুলি সমলয় করতে প্রস্তুত না থাকেন তাহলে আমরা তাদের সাথে সকল ব্যবসায়িক সম্পর্ক ত্যাগ করি। Atlas Copco Group প্রত্যাশা করে যে আমাদের ব্যবসায়িক অংশীদাররা Atlas Copco Group গ্রুপের সাথে একসাথে একটি কর্ম পরিকল্পনা তৈরি করে ব্যবসায়িক অংশীদারের নির্ণায়কের সাথে তাদের সম্মতি প্রদর্শনের জন্য বা এই নির্ণায়ক মেনে চলার অভিপ্রায় এবং ইচ্ছা প্রদর্শনের জন্য পর্যাপ্ত ডকুমেন্টেশন বজায় রাখবে।

এই সংক্রান্ত কোনও লঙ্ঘন সনাক্ত করা হলে, সেই ক্ষেত্রেই ব্যবসায়িক অংশীদাররা এই ব্যবসায়িক অংশীদার নির্ণায়ক ডকুমেন্টে স্বাক্ষর করতে পারে যদি তারা এই প্রয়োজনীয়তাগুলি পূরণ করার প্রক্রিয়া ইতিমধ্যে শুরু করে দিয়ে থাকে এবং Atlas Copco Group-এর সাথে একসাথে একটি কর্ম পরিকল্পনা সেট আপ করতে ইচ্ছুক থাকে।

Atlas Copco Group-এর সাথে ব্যবসা করার শর্ত হিসাবে, ব্যবসায়িক অংশীদার এবং তাদের সাব-কন্ট্রাক্টরদের অবশ্যই Atlas Copco Group এবং আমাদের মনোনীত এজেন্টদের (তৃতীয় পক্ষ সহ) ব্যবসায়িক অংশীদারের নির্ণায়কের সাথে সম্মতি রক্ষা এবং ফলো-আপ করার জন্য অডিট করার অনুমতি দিতে হবে। ব্যবসায়িক অংশীদারের সহযোগিতায় সবসময় আগাম অনসাইট অডিটের ব্যবস্থা করা হবে। ব্যবসায়িক অংশীদারের সাথে চুক্তির ভিত্তিতে সাব-কন্ট্রাক্টরদের যেকোনো অনসাইট অডিট পরিচালিত হবে।

**আমি, ব্যবসায়িক অংশীদারের নিম্নস্বাক্ষরিত অনুমোদিত প্রতিনিধি(রা), এই ব্যবসায়িক অংশীদারীর নির্ণায়ক ডকুমেন্টটি পড়েছি এবং বুঝেছি, যা Atlas Copco Group-এর আচরণবিধির উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে এবং এতদ্বারা প্রত্যয়ন করছি যে ব্যবসায়িক অংশীদার ব্যবসায়িক অংশীদার এটিতে থাকা সমস্ত নির্ণায়ক এবং প্রয়োজনীয়তাগুলি সম্পূর্ণরূপে মেনে চলতে সম্মত হয় এবং সেই বিষয়ে অঙ্গীকারবদ্ধ।**

**ব্যবসায়িক অংশীদারের নাম:** ..........................................................................................

**<u>ব্যবসায়িক অংশীদারের পক্ষ থেকে স্বাক্ষর করার জন্য অনুমোদিত ব্যক্তি:</u>**

**স্বাক্ষর:** .........................................................................................

**নাম:** ..........................................................................................

**পদবী:** ..........................................................................................

**স্বাক্ষরের তারিখ:** .........................................................................................

# রেফারেন্স

**কর্পোরেট ওয়েবসাইট:**
https://www.atlascopcogroup.com/en

**Atlas Copco Group-এর আচরণবিধি:**
https://www.atlascopcogroup.com/en/sustainability/social-and-governance/code-of-conduct

**Atlas Copco Group এই প্রধান আন্তর্জাতিক নৈতিকতার ফ্রেমওয়ার্কগুলি অনুসরণ করতে অঙ্গীকারবদ্ধ:**

- কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক শ্রম সংস্থার ঘোষণা [www.ilo.org]
- OECD-এর বহুজাতিক উদ্যোগের জন্য নির্দেশিকা [www.oecd.org]
- ব্যবসা এবং মানবাধিকারের জন্য জাতিসংঘের নির্দেশক নীতিমালা [www.ohchr.org]
- জাতিসংঘের গ্লোবাল কম্প্যাক্ট [www.unglobalcompact.org]
- জাতিসংঘের মানবাধিকার সংক্রান্ত আন্তর্জাতিক বিল [www.un.org]

Atlas Copco Group,স্টকহোম, সুইডেন। জুলাই 2026

Atlas Copco AB (publ)
SE-105 23 Stockholm, SWEDEN
ফোন: +46 8 743 80 00
VAT নং: SE556014272001

**atlascopcogroup.com**